



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/10/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ রোশেলে নভেল করোনাভাইরাস আক্রমণ নিয়ন্ত্রণে নতুন জরুরি পদক্ষেপের জন্য স্টেটের স্বাস্থ্য কমিশনারের সুপারিশ গ্রহণ করেন

করোনাভাইরাস ব্রিফিং-এর সময় গভর্নর নিউ ইয়র্কের আরও 31টি নতুন ঘটনা নিশ্চিত করেছেন- যার ফলে স্টেট জুড়ে মোট ঘটনা দাঁড়াল 173টিতে; নতুন ঘটনার মধ্যে রয়েছে ওয়েস্টচেস্টার কাউন্টিতে 10টি, নিউ ইয়র্ক সিটিতে 17টি, নাসাউ কাউন্টিতে 2টি এবং রকল্যান্ড কাউন্টিতে 2টি

নিউ রোশেলে সর্বোচ্চ আক্রান্ত অঞ্চলের স্কুল, উপাসনালয় এবং একত্রিত হবার অন্যান্য স্থাপনাগুলো 12-25 মার্চ পর্যন্ত দুই-সপ্তাহের জন্য অস্থায়ীভাবে বন্ধ থাকবে

পরিচ্ছন্নতা এবং কমিউনিটি বিষয়ক অন্যান্য সহায়তা প্রচেষ্টাতে সাহায্য করার জন্য নিউ রোশেলে ন্যাশনাল গার্ডকে (National Guard) স্টেটের স্বাস্থ্য দপ্তর কমান্ড পোস্টে মোতায়েন

নিউ রোশেলে পরীক্ষা নিরীক্ষার উদ্দেশ্যে শাখা স্থাপনা প্রতিষ্ঠার উদ্দেশ্যে নর্থওয়েল স্বাস্থ্য (Northwell Health)-র সাথে অংশীদারিত্ব ঘোষণা

গভর্নর কুওমো আজ নিউ রোশেলে নভেল করোনাভাইরাসের আক্রমণ নিয়ন্ত্রণে নতুন জরুরি পদক্ষেপের জন্য স্টেটের স্বাস্থ্য কমিশনার ড: হাওয়ার্ড জুকারের সুপারিশ গ্রহণ করলেন। এই অঞ্চলে বর্তমানে 108টি নিশ্চিত ঘটনা রয়েছে এবং এটি 'আক্রান্ত' বলে বিবেচিত হচ্ছে। প্রোটোকলের মধ্যে নিউ রোশেলের এক মাইলের মধ্যে বৃহস্পতিবার, 12 মার্চ থেকে বুধবার 25 মার্চ পর্যন্ত দুই সপ্তাহের জন্য স্কুল, উপাসনালয় এবং সমবেত হবার বড় বড় স্থাপনাগুলো বন্ধ রাখা অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নর এই প্রাদুর্ভাবে সহায়তার উদ্দেশ্যে নিউ রোশেলের স্বাস্থ্য বিভাগের একটি কমান্ড পোস্ট ন্যাশনাল গার্ড সেনা মোতায়েন করেছেন। সেনারা নিয়ন্ত্রিত অঞ্চলের ঘরে ঘরে খাবার সরবরাহে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান পরিষ্কার পরিচ্ছন্ন করতে সহায়তা করছে।

গভর্নর আরও 31টি নতুন নভেল করোনাভাইরাসের ঘটনার কথা নিশ্চিত করেছেন, যার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের স্টেট জুড়ে নিশ্চিত ঘটনার সর্বমোট সংখ্যা হল 173টি। মোট 173 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

ওয়েস্টচেস্টার: 108 (10টি নতুন)
নিউ ইয়র্ক সিটি: 36 (17টি নতুন)
নাসাউ: 19 (2টি নতুন)
রকল্যান্ড: 6 (2টি নতুন)
সারাটোগা: 2
সাফোক: 1
আলস্টার: 1

নর্থওয়েল হেলথ-এর সাথে নিউ রোশেলে পরীক্ষা নিরীক্ষার উদ্দেশ্যে শাখা স্থাপনা প্রতিষ্ঠার সাথে অংশগ্রহণ করবেন বলেও ঘোষণা দিয়েছেন। পরিদর্শন শুধুমাত্র সাক্ষাৎ-সূচি ভিত্তিক হবে। স্টেটের স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইটে আরও তথ্য অচিরেই প্রকাশ করা হবে।

"নিশ্চিতভাবে সবচেয়ে বেশি করোনা ভাইরাসে আক্রান্ত হবার ঘটনা সবচেয়ে বেশি ঘটেছে নিউ রোশেলে এবং সংখ্যাগুলো যতই বাড়ছে, এটি নিয়ন্ত্রণে আমাদেরকে একটি বিশেষ জনস্বাস্থ্যগত কৌশল গ্রহণ করার প্রয়োজনীয়তা ততই বেশি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নিয়ন্ত্রণ থেকে প্রশমনের দিকে এগিয়ে যাচ্ছি এবং এই রোগটির সংক্রমণ ভৌগলিক ভিত্তিকে হওয়ায়, আমরা এই বিশেষ ঘটনাস্থলটিকে উৎস হিসেবে আক্রমণ করছি। আক্রান্তদের মধ্যে সুস্থ হয়ে যাবার পরিমাণ বৃদ্ধি পাবার এই পরিস্থিতিতে আমি সকল নিউ ইয়র্কবাসীকে সারকথাটি স্মরণ রাখার জন্য অনুরোধ করছি: আমরা এই সমস্তু কিছু নিয়ে কথা বলি জনগণকে অবহিত রাখতে - ভীত করতে নয় - এবং আপনি যদি অরক্ষিত জনগোষ্ঠীর সদস্য না হন তাহলে বাড়তি আশঙ্কার কোনো কারণ নেই।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "COVID-19-এ আক্রান্ত ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগের ভিত্তিতে সংক্রমণের সংখ্যা বাড়ায়, সেজন্য ঘনিষ্ঠ যোগাযোগ সম্ভাবনা কমানোর বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে। এই সম্ভাবনাগুলোর মধ্যে রয়েছে স্কুল, গীর্জা, উপাসনালয় এবং অনুষ্ঠানের অন্যান্য স্থান যেখানে বিপুল সংখ্যক লোক সমবেত হয় এবং দীর্ঘ সময় ধরে একত্রে থাকে। যদিও আমরা বিশ্বাস করি যে সাধারণভাবে নিউ ইয়র্কবাসীর জন্য ঝুঁকি কম, তবুও আমি নিউ রোশেলে আমরা যে নতুন সংক্রমণের মুখোমুখি হচ্ছি তা কমানোর লক্ষ্যে আরও বেশি ছড়িয়ে পড়ার সুযোগকে হ্রাস করার উদ্দেশ্যে আমি এই কৌশলটির সুপারিশ করেছি।"

কাউন্টি নির্বাহী এবং নিউ রোশেলের মেয়র সহ স্থানীয় অংশীদারদের সাথে পরামর্শ করে নিয়ন্ত্রনাধীন অঞ্চলের স্থাপনাগুলোর তালিকা প্রকাশ করা হচ্ছে।

বর্তমানে খাদ্য সহায়তা কর্মসূচির উপর নির্ভরশীল সকল শিশুর জন্য এই দু'সপ্তাহে সুবিধাগুলো অব্যাহত থাকবে তা নিশ্চিত স্টেটে আক্রান্ত স্কুলগুলোর সাথে কাজ করবে।

##

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)